# রাজনৈতিক ভিন্নতা থাকলেও ঐক্য দরকার: সালাহউদ্দিন আহমদ



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেছেন, রাজনৈতিক ভিন্নতা থাকলেও দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় ফ্যাসিবাদবিরোধী জাতীয় ঐক্য অপরিহার্য। তিনি জোর দিয়ে বলেন, গণতান্ত্রিক সংস্কৃতি চর্চা ছাড়া ফ্যাসিবাদী অপসংস্কৃতি নির্মূল সম্ভব নয়।

শনিবার (১৩ সেপ্টেম্বর) "গণতান্ত্রিক বাংলাদেশের ভবিষ্যৎ, জনমানুষের ভাবনা ও প্রত্যাশা" শীর্ষক এক গোলটেবিল বৈঠকে অংশ নিয়ে বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেন,

"রাজনৈতিক মতভেদ থাকা স্বাভাবিক, তবে দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার ক্ষেত্রে জাতীয় ঐক্য জরুরি। গণঅভ্যুত্থানের প্রত্যাশার সঙ্গে তাল মিলিয়ে গণতান্ত্রিক সংস্কৃতিকে পুনর্গঠন করতে হবে। ইতিবাচক রাজনৈতিক সংস্কৃতি গড়ে তুলতে পারলেই ফ্যাসিবাদী অপসংস্কৃতির অবসান ঘটবে।"

LENS ASIA

তিনি আরও মন্তব্য করেন, "যারা তাৎক্ষণিক সব সংস্কার দাবি করছেন, তাদের ভিন্ন উদ্দেশ্য থাকতে পারে। প্রকৃত গণতন্ত্র প্রতিষ্ঠায় নির্বাচিত সরকার, শক্তিশালী সংসদ এবং রাজনৈতিক সংস্কৃতিতে পরিবর্তন প্রয়োজন। দলগুলোর মধ্যে মতপার্থক্য থাকবে, তবে সহনশীল মনোভাব বজায় রাখতে হবে।"

আলোচনায় ঐকমত্য কমিশনের সহ-সভাপতি অধ্যাপক আলী রিয়াজ বলেন, নাগরিক সমাজের মতামতের ভিত্তিতে সংস্কারের রূপরেখা তৈরি করা হলেও কেউ কেউ তা বিকৃতভাবে প্রচার করছেন।

এসময় কমিশনের সদস্য বদিউল আলম মজুমদার বলেন, "ছাত্র, শিক্ষক ও শ্রমিক সংগঠনগুলোকে লেজুড়ভিত্তিক রাজনীতির বাইরে আনতে হবে। রাজনৈতিক দলগুলোকে এ বিষয়ে সদিচ্ছা দেখাতে হবে।"